# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬২৮ তারিখ: ২১/০৯/২০২৬

প্রফেসর মোঃ আবদুর রউফ
আইডি নং-০০০০৭৬৯৮
অধ্যক্ষ
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।

**জরুরি বিজ্ঞপ্তি**

বিষয়ঃ **২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে পুনরায় ২য় ধাপে আবেদন গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৩০২, তারিখ: ১৭/০৯/২০২৬।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে পুনরায় ২য় ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: **(https://xiclassadmission.gov.bd)** তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। **সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।**

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;

৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ | ২৭/০৯/২০২৬ (রবিবার)<br>থেকে ২৮/০৯/২০২৬<br>(সোমবার রাত ৮:০০টা পর্যন্ত) |
| ২ | ২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০১/১০/২০২৬<br>(বৃহস্পতিবার রাত ৮:০০ টা) |
| ৩ | শিক্ষার্থীদের **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে<br>০৩/১০/২০২৬<br>(শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/১০/২০২৬<br>(রবিবার রাত ৮:০০ টা) |
| ৫ | ভর্তি | ০৫/১০/২০২৬ (সোমবার) থেকে<br>০৭/১০/২০২৬ (বুধবার) |

**বিঃ দ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) জমা দিতে হবে না। এ ধরণের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়ার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।**

২১/০৯/২৬

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।